নিজস্ব শিক্ষার্থীদের স্ব স্ব বিভাগে ভর্তি নিশ্চিত করেই কেবল অবশিষ্ট শূণ্য আসনে প্রযোজ্য ক্ষেত্রে ধারা ৩.০ এর উপবিধান ৩.২ ও ৩.৩ অনুসরণ করে শিক্ষার্থী ভর্তি করানো যাবে।

**৪। ভর্তির ফলাফল প্রক্রিয়াকরণ, প্রকাশ এবং মাইগ্রেশনঃ**

প্রাথমিকভাবে এক (০১) টি পর্যায়ে ফলাফল প্রক্রিয়াকরণ করা হবে। তবে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে অতিরিক্ত পর্যায় অন্তর্ভুক্ত করতে পারবেন। প্রাথমিক নিশ্চায়ন সাপেক্ষে প্রতি পর্যায়ে পছন্দক্রমানুযায়ী অটোমাইগ্রেশন হবে এবং, প্রযোজ্য হলে, মাইগ্রেশন সর্বদাই পছন্দক্রমানুসারে উপরের দিকে যাবে।

- একজন শিক্ষার্থী তার আবেদনের সময় দেয়া কলেজ পছন্দক্রম ও এসএসসি/সমমান পরীক্ষার ফলাফল, কোটা, ইত্যাদির ভিত্তিতে শুধুমাত্র ১টি কলেজেই নির্বাচিত হবে।
- নির্বাচিত শিক্ষার্থী নিজেই অনলাইন আবেদন পোর্টালের মাধ্যমে বোর্ডের রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বাবদ ৩৪০/- (তিন শত চল্লিশ) টাকা জমা দিয়ে নির্বাচন নিশ্চায়ন করবে। উল্লেখ্য যে, প্রত্যেক নির্বাচিত শিক্ষার্থীকে অবশ্যই ৩৪০/- (তিন শত চল্লিশ) টাকা জমা দিয়ে নির্বাচন নিশ্চায়ন করতে হবে। অন্যথায় শিক্ষার্থীর নির্বাচন ও আবেদন বাতিল হয়ে যাবে। আবেদন বাতিলকৃত শিক্ষার্থী ইচ্ছা করলে পরবর্তী পর্যায়ের জন্য পুনরায় আবেদন ফি জমা দিয়ে নতুন ভাবে আবেদন করতে পারবে।
- যে সকল শিক্ষার্থী কোন একটি পর্যায়ে আবেদনকৃত কোন কলেজেই সিলেকশন পাবে না তারা পুনরায় আবেদন ফি ব্যতীত এবং যারা ইতোপূর্বে কোন কলেজেই আবেদন করে নাই তারা আবেদন ফি জমা দেয়া সাপেক্ষে পরবর্তী পর্যায়ে আবেদন করতে পারবে।
- ফলাফল প্রক্রিয়াকরণের পর নির্দিষ্ট তারিখে শিক্ষার্থীদেরকে SMS-এর মাধ্যমে ফলাফল জানানো হবে। তাছাড়াও শিক্ষার্থীগণ আবেদন পোর্টাল (www.xiclassadmission.gov.bd) হতে ভর্তির বিস্তারিত ফলাফল জানতে পারবে।

**৫। কলেজে ভর্তিঃ** নির্ধারিত তারিখে যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক নিশ্চায়িত শিক্ষার্থীদের তালিকা আবেদন পোর্টাল www.xiclassadmission.gov.bd-এ দেয়া হবে এবং সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ তা ডাউনলোড করে নোটিশ বোর্ডে প্রদর্শন করবেন। অতঃপর ভর্তির জন্য নির্ধারিত তারিখে শিক্ষার্থী কলেজে উপস্থিত হয়ে প্রয়োজনীয় কাগজপত্র ও অনুমোদিত ফি জমা দিয়ে ভর্তি চূড়ান্ত করবে।

**৬। ভর্তির আবেদন, ফল প্রকাশ, ভর্তি ও ক্লাস শুরু:**

| ক্রমিক | বিষয় | তারিখ |
|---|---|---|
| ৬.১ | ভর্তির জন্য অনলাইনে আবেদন গ্রহণ (যারা পুনঃনিরীক্ষণসহ পুনঃমূল্যায়নের জন্য আবেদন করবে, আবেদনের যোগ্য হলে তাদেরও এই সময়ের মধ্যে আবেদন করতে হবে) | ০২/০৯/২০২৬ (বুধবার) থেকে ১০/০৯/২০২৬ (বৃহস্পতিবার) (রাত ৮:০০ টা পর্যন্ত) |

| ক্রমিক | বিষয় | তারিখ |
| --- | --- | --- |
| ৬.২ | শুধুমাত্র পুনঃনিরীক্ষণসহ পুনঃমূল্যায়নে ফলাফল পরিবর্তিত শিক্ষার্থীদের আবেদন গ্রহণ | ১২/০৯/২০২৬ (শনিবার) থেকে ১৩/০৯/২০২৬ (রবিবার) (রাত ৮:০০ টা পর্যন্ত) |
| ৬.৩ | পছন্দক্রম পরিবর্তনের সময় | ১২/০৯/২০২৬ (শনিবার) থেকে ১৩/০৯/২০২৬ (রবিবার) (রাত ৮:০০ টা পর্যন্ত) |
| ৬.৪ | নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ | ১৬/০৯/২০২৬ (বুধবার রাত ৮ঃ০০ টা) |
| ৬.৫ | শিক্ষার্থীর নির্বাচন নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে নির্বাচন এবং আবেদন বাতিল হবে) | নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশের পর থেকে ১৮/০৯/২০২৬ (শুক্রবার) (রাত ৮:০০ টা পর্যন্ত) |
| ৬.৬ | পছন্দক্রম অনুযায়ী মাইগ্রেশনের ফল প্রকাশ | ১৯/০৯/২০২৬ (শনিবার রাত ৮:০০ টা) |
| ৬.৭ | ভর্তি | ২০/০৯/২০২৬ (রবিবার) থেকে ২২/০৯/২০২৬ (মঙ্গলবার) |
| ৬.৮ | ক্লাস শুরু | ২৩ সেপ্টেম্বর, ২০২৬ (বুধবার) |

(প্রফেসর সৈয়দ আক্তারুজ্জামান)

সভাপতি

বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

ও

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।